শেখ হাসিনার দর্শন
সব মানুষের উন্নয়ন

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
www.lgd.gov.bd

নং-৪৬.৪২.০০০০.০০০.২২.০০২.১৫. ২৭৯৭ তারিখ ঃ২৭/১২/২০১৬

বিষয়: জেলা পর্যায়ে ''উন্নয়ন মেলা'' আয়োজন ও সফল বাস্তবায়ন।

সূত্র : প্রধানমন্ত্রীর কার্যালয়ের স্মারক নং-০৩.০৮২.০০৬.০০.০০.০১১.২০১৬-৪০০ তারিখ: ৪/৮/২০১৬।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জনগণের অংশগ্রহণে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা'র সরকারের গৃহীত উন্নয়ন কার্যক্রম প্রান্তিক পর্যায়ে জনগণের সামনে তুলে ধরার উদ্দেশ্যে জেলা পর্যায়ে '' উন্নয়ন মেলা'' আয়োজন করা হয়েছে। প্রধানমন্ত্রীর কার্যালয়ে গত ০৪ আগষ্ট ২০১৬ তারিখে এ সংক্রান্ত একটি আন্ত:মন্ত্রণালয় সভা অনুষ্ঠিত হয়েছে যার কপি অনেক আগেই প্রেরণ করা হয়েছে। বঙ্গবন্ধুর স্বদেশ প্রত্যাবর্তন দিবসকে সামনে রেখে আগামী ৯-১১ জানুয়ারি ২০১৭ তিনদিন ব্যাপি '' উন্নয়ন মেলা'' আয়োজনের লক্ষ্যে প্রধান নির্বাহী কর্মকর্তাগণকে অনুরোধ জানানোসহ মেলার ব্যয় নির্বাহের জন্য জেলা পরিষদের রাজস্ব তহবিল হতে জেলা প্রশাসনকে ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা ব্যয়ের প্রশাসনিক অনুমোদনও দেয়া হয়েছে।

২। 'উন্নয়ন মেলা'-এর উদ্দেশ্য হলো মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা'র সরকারের গৃহীত উন্নয়ন কার্যক্রম জনগণের মাঝে তুলে ধরা যেন জনগন সরকারের উন্নয়ন কাজের সাথে সম্পৃক্ত হতে পারে এবং সরকারের মুখপাত্র হিসেবে প্রচারণায় অংশ গ্রহণ করতে পারে।

৩। আগামী ৯-১১ জানুয়ারি ২০১৭-এ জেলা পর্যায়ে অনুষ্ঠিতব্য ''উন্নয়ন মেলায়'' প্রতিটি জেলা পরিষদ বর্তমান সরকারের উন্নয়নমূলক কার্যক্রম ও এর সাথে সামঞ্জস্য রেখে স্ব স্ব এলাকায় গৃহীত/বাস্তবায়িত উন্নয়ন কার্যক্রম প্রচারের জন্য উপস্থাপন করতে হবে। এক্ষেত্রে নিম্নলিখিত বিষয়গুলোর প্রতি যত্নবান হতে হবে:

ক) নিম্নে উল্লিখিত ৩টি ইনোভেশন শ্লোগান মেলার প্রতিটি স্টলের সম্মুখভাবে প্রকাশ্য প্রদর্শনের জন্য পোষ্টার/ব্যানার/ফেস্টুনের মাধ্যমে স্থাপন করা :

(১) **''উন্নয়নের গণতন্ত্র**
শেখ হাসিনার মূলমন্ত্র''
(২) **''শেখ হাসিনার দর্শন**
বাংলাদেশের উন্নয়ন''
(৩) **''শেখ হাসিনার দর্শন**
সব মানুষের উন্নয়ন''

খ) ২০০৮-২০০৯ হতে ২০১৫-২০১৬ অর্থ বছর পর্যন্ত বছর ওয়ারী রাজস্ব আয় ও ব্যয়ের তথ্য চিত্র এবং সরকার প্রদত্ত বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে বরাদ্দের পরিমাণ ও উন্নয়ন প্রকল্প বাস্তবায়নের তথ্য চিত্র সর্ব সাধারণের অবগতির জন্য মেলায় প্রদর্শন করতে হবে;

গ) ডিজিটাল বাংলাদেশ বির্নিমাণের অংশ হিসেবে সকল জেলা পরিষদের ক্রয় প্রক্রিয়াকে স্বচ্ছ, জবাবদিহি ও গতিশীল করার লক্ষ্যে e-GP পদ্ধতিতে দরপত্র আহ্বান করা হচ্ছে মর্মে প্রচার করতে হবে;

ঘ) ২০০৮-২০০৯ অর্থ বছর হতে ২০১৫-২০১৬ অর্থ বছর পর্যন্ত জেলা পরিষদের মাধ্যমে বাস্তবায়িত নিম্নে বর্ণিত উন্নয়নমূলক কাজ পোষ্টার/ব্যানার/ফেস্টুন এর মাধ্যমে প্রদর্শন করবে:

ক্রমিক নং	প্রকল্পের নাম	অর্থ বছর	সংখ্যা/বাস্তবায়িত কাজের পরিমাণ	বরাদ্দের পরিমাণ (লক্ষ টাকায়)
১.	মসজিদ উন্নয়ন			
২.	ঈদগাহ উন্নয়ন			
৩.	কবরস্থান			
৪.	মন্দির উন্নয়ন			
৫.	শ্মশান উন্নয়ন			
৬.	এতিমখানা উন্নয়ন			
৭.	পুকুর/নদী/খাল/হাওরে পাকা ঘাটলা নির্মাণ			
৮.	বিভিন্ন প্রতিষ্ঠান/স্থাপনায় বাউন্ডারী ওয়াল নির্মাণ			
৯.	পাকা রাস্তা নির্মাণ (দৈর্ঘ্য উল্লেখসহ)			
১০.	পাকা রাস্তা মেরামত (দৈর্ঘ্য উল্লেখসহ)			
১১.	কাঁচা রাস্তা নির্মাণ (দৈর্ঘ্য উল্লেখসহ)			
১২.	কাঁচা রাস্তা মেরামত (দৈর্ঘ্য উল্লেখসহ)			
১৩.	ড্রেন নির্মাণ			
১৪.	রিটেইনিং ওয়াল নির্মাণ (দৈর্ঘ্য)			
১৫.	ক্লাব/সংস্থা/সমিতি উন্নয়ন			
১৬.	ব্রীজ নির্মাণ (সংখ্যা ও দৈর্ঘ্য)			
১৭.	কালভার্ট নির্মাণ (সংখ্যা)			
১৮.	ওয়াকওয়ে নির্মাণ (সংখ্যা ও দৈর্ঘ্য)			
১৯.	শিক্ষা প্রতিষ্ঠান উন্নয়ন (কলেজ/ মাদ্রাসা/ প্রাথমিক বিদ্যালয়)			
২০.	পাঠাগার নির্মাণ			
২১.	টিউবওয়েল স্থাপন			
২২.	ল্যাট্রিন নির্মাণ			
২৩.	স্মৃতি স্তম্ভ নির্মাণ			
২৪.	শহীদ মিনার নির্মাণ			
২৫.	মুক্তিযুদ্ধের ভাস্কর্য নির্মাণ			
২৬.	মূর‍্যাল নির্মাণ			
২৭.	যাত্রী ছাউনী/কৃষি শ্রমিক ছাউনী/ অন্যান্য			
২৮.	হাট-বাজার উন্নয়ন			
২৯.	হাসপাতাল/দাতব্য প্রতিষ্ঠান উন্নয়ন			
৩০.	কমিউনিটি ক্লিনিক/ ডায়বেটিক হাসপাতাল উন্নয়ন			
৩১.	প্রেস ক্লাব ভবন উন্নয়ন			
৩২.	শিক্ষা প্রতিষ্ঠানের গার্ডিয়ান শেড নির্মাণ			

ক্রমিক নং	প্রকল্পের নাম	অর্থ বছর	সংখ্যা/বাস্তবায়িত কাজের পরিমাণ	বরাদ্দের পরিমাণ (লক্ষ টাকায়)
৩৩.	মিডডে মিল (স্কুলে)			
৩৪.	মুদ্রন ও প্রকাশনা			
৩৫.	অন্যান্য/বিবিধ			

উল্লেখযোগ্য উন্নয়ন প্রকল্প (নির্মিত ও নির্মাণাধীন):

ক্রমিক নং	প্রকল্পের নাম	অর্থ বছর	সংখ্যা/বাস্তবায়িত কাজের পরিমাণ	বরাদ্দের পরিমাণ (লক্ষ টাকায়)
১.	অডিটরিয়াম নির্মাণ (১০০০ আসন বিশিষ্ট)			
২.	অডিটরিয়াম (৫০০ আসন বিশিষ্ট)			
৩.	ডাকবাংলো			
৪.	বানিজ্যিক ভবন			
৫.	মার্কেট			
৬.	শিশুপার্ক নির্মাণ			
৭.	স্কুল নির্মাণ			
৮.	কলেজ নির্মাণ			
৯.	ছাত্রাবাস/ছাত্রী নিবাস নির্মাণ			
১০.	তোরণ নির্মাণ			
১১.	মসজিদ নির্মাণ			
১২.	গ্রন্থাগার ও স্মৃতি জাদুঘর নির্মাণ			
১৩.	সুইমিংপুল			
১৪.	জিমনেশিয়াম			
১৫.	কম্পিউটার ল্যাব নির্মাণ			
১৬.	ডিজিটাল সেন্টার			
১৭.	গরীব মেধাবী শিক্ষার্থীদের বৃত্তি প্রদান			
১৮.	গরীব ও অসহায়দের আর্থিক সহায়তা প্রদান			
১৯.	অন্যান্য/বিবিধ			

প্রশিক্ষণ প্রদান সংক্রান্ত :

ক্রমিক নং	প্রশিক্ষণের নাম	অর্থ বছর	ব্যয়ের পরিমাণ	পুরুষ (সংখ্যা)	মহিলা (সংখ্যা)	মোট

ঙ) মেলার স্টলে প্রশিক্ষণার্থীদের প্রস্তুতকৃত বিভিন্ন পন্য প্রদর্শন করতে হবে;

চ) উল্লেখযোগ্য প্রকল্পের ভিডিও চিত্র ও পাওয়ার পয়েন্ট তৈরী করে প্রদর্শন করতে হবে;

৪। প্রধানমন্ত্রীর কার্যালয়ের ০৪ আগষ্ট ২০১৬ তারিখের ৪০০ নং স্মারকের ৯(৩)(খ) অনুচ্ছেদের নির্দেশনার আলোকে জেলা পর্যায়ে ''উন্নয়ন মেলা'' আয়োজনের জন্য একটি কমিটি গঠন করতে হবে;

৫। এমতাবস্থায়, মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা'র সরকারের গৃহীত কার্যক্রমের সাফল্য যথাযথাভাবে তুলে ধরে স্থানীয় জনগণকে সরকারের উন্নয়ন কাজের ধারায় সম্পৃক্ত করতে প্রধানমন্ত্রীর কার্যালয়ের নির্দেশনাসহ উপরিল্লিখিত বিষয়সমূহ সবিশেষ গুরুত্ব দিয়ে সফলভাবে জেলা পর্যায়ে উন্নয়ন মেলা আয়োজনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। ''উন্নয়ন মেলায়'' প্রদর্শনের জন্য উল্লিখিত তথ্য সম্বলিত সিডি প্রস্তুত করে ২৯/১২/২০১৬ তারিখের মধ্যে স্থানীয় সরকার বিভাগে প্রেরণের জন্যও অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে।

22/12/16

সৌরেন্দ্র নাথ চক্রবর্তী
অতিরিক্ত সচিব (প্রশাসন)
ফোনঃ ৯৫৭৫৫৫৭
Email-lgzp@lgd.gov.bd

প্রধান নির্বাহী কর্মকর্তা
--------------------জেলা পরিষদ।

অনুলিপি (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়):

১। মুখ্য সমন্বয়ক (এসডিজি), প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
২। বিভাগীয় কমিশনার (সকল)----------------------বিভাগ।
৩। পরিচালক, স্থানীয় সরকার (সকল)----------------বিভাগ।
৪। জেলা প্রশাসক,-------------------------------------।
৫। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।